২০১৭

বাংলা

দ্বিতীয় পত্র

পূর্ণমান : ১০০

সময় : ৪ ঘণ্টা

*দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।*

*পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দেওয়া প্রয়োজন।*

প্রথমার্ধ

[ মান—৫০ ]

৫ নং প্রশ্ন ও আরও *দুটি* প্রশ্নের উত্তর দাও :

১। ইন্দো-ইউরোপীয় ভাষা-বংশের ইন্দো-ইরানীয় শাখাটির বিস্তারিত পরিচয় দাও। ১৬

২। যে কোনো একটি সাহিত্যিক-প্রাকৃতের ধ্বনিতাত্ত্বিক-রূপতাত্ত্বিক বৈশিষ্ট্যগুলি লেখো। ১৬

৩। বাংলা-ভাষার উদ্ভব ইতিহাস লেখো। এই ভাষায় অনার্য ভাষার প্রভাব সম্পর্কে আলোচনা করো। ১৬

*(Turn Over)*

৪। টীকা লেখো (যে কোনো *দুটি*) : ২×৮

(ক) জার্মানিক ভাষা-বংশ

(খ) পালি

(গ) প্রাচীন বাংলা-ভাষা

৫। নিম্নলিখিত পাঠগুলির বঙ্গানুবাদ করো ও নিম্ন রেখাঙ্কিত পদের সংস্কৃত মূল থেকে বিবর্তন লেখো (যে কোনো *দুটি*) : ২×৯

(ক) মুঞ্চেধ যে *মুঞ্চেধ* জালোপজীবিণম্। উব্বগ্নো যে কিল *অংগুলীঅস্স আগমো*। অম্হ-সামিণা জেব বে কবিদম্।

(খ) এশে *অশ্মাণম্* *ঈশলে* পত্তে গেণহিঅ লা অশাশ্ণম্। তা শউলাণম্ *পেশকাম্মি* অথবা গিদ্ধশিলাণাম বলী ভবিশ্শশি।

(গ) *পুড়ইনি* বত্তত্তরিঅং বাহরিও ণানুবাহরেইপিঅং *মূহউব্বূঢ়ম্মণালো* তই দিট্ঠিং *চক্কাও*।

## দ্বিতীয়ার্ধ

[ মান—৫০ ]

১১ নং প্রশ্ন ও আরও *দুটি* প্রশ্নের উত্তর দাও :

৬। স্বরধ্বনি ও ব্যঞ্জনধ্বনি কাকে বলে? স্বরধ্বনিগুলির বিজ্ঞানসম্মত শ্রেণী বিভাজন করো। ১৬





৭। বাংলা ভাষার রূপের ক্ষেত্রে লিঙ্গ, বচন ও পুরুষ অনুসারী বৈচিত্র্য সম্পর্কে আলোচনা করো। ১৬

৮। ভাষাবিজ্ঞান চর্চার ক্ষেত্রে লিওনার্দ ব্লুমফিল্ড ও গ্রীম ভ্রাতৃদ্বয়ের ভূমিকা আলোচনা করো। ১৬

৯। প্রাচীন ও মধ্য বাংলা ভাষার পদসংস্থানের সূত্রসমূহ লেখো। ১৬

১০। ভাষা পরিকল্পনা (Language Planning) কেন করতে হয়? ভাষা পরিকল্পনার স্তরগুলি আলোচনা করো। ১৬

১১। আন্তর্জাতিক ধ্বনিমূলক বর্ণমালা কী? এই বর্ণমালা থেকে গৃহীত বর্ণের সাহায্যে বাংলা বর্ণমালার রূপান্তর করো। পৃথক পৃথক বর্ণের জন্য IPA থেকে পৃথক পৃথক বর্ণগুলি লেখো। 'অনুজ্ঞা', 'লক্ষণ' ও 'ব্যভিচার'— এই তিনটি শব্দের আন্তর্জাতিক ধ্বনিমূলক বর্ণমালায় লিপ্যন্তর করো। ২+১৩+৩

———